# আজ জাতির উদ্দেশে ভাষণ দেবেন তারেক রহমান ও জামায়াত আমির



ছবি: সংগৃহীত

ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন ও গণভোটকে কেন্দ্র করে আজ (সোমবার) জাতির উদ্দেশে আলাদা বক্তব্য দেবেন বিএনপি প্রধান তারেক রহমান এবং জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমান। তাদের বার্তা বাংলাদেশ টেলিভিশন ও বাংলাদেশ বেতারে প্রচার করা হবে।

একই দিনে বাংলাদেশ খেলাফত মজলিসের আমির মাওলানা মামুনুল হকও জাতির উদ্দেশে বক্তব্য রাখবেন। তার ভাষণ বিটিভিতে সম্প্রচারের সূচিতে রয়েছে।

নির্বাচন ও গণভোট উপলক্ষে রাজনৈতিক দলগুলোর নির্ধারিত বক্তব্য সম্প্রচারের জন্য ৮ ও ৯ ফেব্রুয়ারি সময় নির্ধারণ করেছে বিটিভি। এ ধারাবাহিকতায় গতকাল বক্তব্য দেন ইসলামী আন্দোলন বাংলাদেশের আমির মুফতি সৈয়দ মুহাম্মাদ রেজাউল করীম (চরমোনাই পীর) এবং জাতীয় নাগরিক পার্টির আহ্বায়ক নাহিদ ইসলাম।

LENS ASIA